দৈনিক সংবাদ

০৬৯

৪৪৫

তারিখ 04 MAR 1988
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 3 ...

২০শে ফাল্গুন ১৩৯৪

## ডিগ্রী পরীক্ষা '৮৭ বনাম রাষ্ট্রবিজ্ঞান তৃতীয় পত্র

দেশের রাজনৈতিক অস্থিরতার কারণে অনুষ্ঠিত রাষ্ট্র বিজ্ঞান তৃতীয় পত্র ও অন্যান্য পরীক্ষাসমূহ অনির্দিষ্ট সময়ের জন্য স্থগিত হয়ে যায়। পরবর্তী সময়ে ব্যাপকভাবে প্রচার না করেই দীর্ঘ ৩ মাস পর গত ১৮-১-৮৮ তারিখে রাষ্ট্র বিজ্ঞান তৃতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। ঐদিন যানবাহন ধর্মঘটের দিন ছিল এবং সাধারণ ৪৮ ঘন্টা হরতালের পরবর্তী দিনও ছিল। ফলে অনেক পরীক্ষর্থী যানবাহন ধর্মঘট ও পরীক্ষার তারিখ না জানার কারণে নির্দিষ্ট তারিখে রাষ্ট্র বিজ্ঞান তৃতীয় পত্র পরিক্ষায় অংশ নিতে পারে নাই। কিন্তু বিজ্ঞান বিষয়ক ও সমাজ কল্যাণ প্রথম পত্র বিষয়ে যাহারা নির্দিষ্ট তারিখে পরীক্ষায় অংশ নিতে পারে নাই তাহাদের পুনরায় একই বিষয়ে আবার পরীক্ষা দেওয়ার সুযোগ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দিয়াছে।

অতএব, রাষ্ট্রবিজ্ঞান তৃতীয় পত্র যানবাহন ধর্মঘট বা তারিখ না জানা জনিত কারণে যাহারা পরীক্ষা দিতে পারে নাই তাহাদেরকে পুনরায় রাষ্ট্রবিজ্ঞান তৃতীয় পত্র পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং পরীক্ষা নিয়ন্ত্রক সমীপে, আবেদন জানাই।

মো: সেলিম জান ভুঁইয়া
ও
চৌধুরী সোহেল রাহী,
ডিগ্রী পরীক্ষার্থী '৮৭,
নরসিংদী সরকারী কলেজ,
নরসিংদী।

## আমরা লেখাপড়া কোথায় করিব?

আমরা ১৯৮৫-৮৬ শিক্ষা বর্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা-বোর্ডের অধীনে পলিটেকনিক ইন্‌ষ্টিটিউটে তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং-এ ১৯৮৫ সালের ডিসেম্বর মাসে ভর্তি হইয়াছিলাম। ইঞ্জিনিয়ারিং কোর্সের মেয়াদ অনুযায়ী ১৯৮৮ সালে আমাদের কোর্স শেষ হওয়ার কথা। কিন্তু অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের সহিত জানাইতে হয় এখনও আমাদের ক্লাস আরম্ভ হয় নাই। শুনিতেছি আগামী এপ্রিল মাসে আমাদের ক্লাশ আরম্ভ হইবে। ইতিমধ্যে আমরা অধিকাংশ ছাত্র ১৯৮৭ সালে এইচ, এস, সি পাস করিয়াছি। এখন আমাদের সকলের প্রশ্ন হইল--যে বছরে শিক্ষাবর্ষ শেষ হওয়ার কথা ছিল সেই বছর শিক্ষা বৎসর আরম্ভ হইবে। না জানি কত বছর লাগিবে সেই তিন বৎসর শেষ করিতে। অন্যদিকে অনার্স কোর্সের মেয়াদও তিন বৎসর, কিন্তু তাহা শেষ করিতে সময় লাগে প্রায় ৬/৭ বৎসর। আবার এদিকে স্থানীয় ডিগ্রী কলেজে ভর্তি হওয়ার জন্য ইউনিভার্সিটি হইতে কোন সার্কুলার আসে নাই। হয়তো ডিগ্রী পাস কোর্স ও ডিপ্লোমা বা অনার্স কোর্সের মত হইয়া পড়িবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রশ্ন রাখিলাম আমরা এখন কোথায় ভর্তি হইব?

শিক্ষার্থীদের পক্ষ থেকে---
মো: গোলাম ফারুক ভুঁইয়া,
সাধারণ সম্পাদক,
একতা পাঠাগার,
হাদি ফকিরহাট, মিরশরাই,
চট্টগ্রাম।